

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি)
www.mopa.gov.bd

৩০ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ

০৫.০০.০০০০.২২৪.০০.০৪৬.১২.২১৪ (১১০)

তারিখ: -----

১৫ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ


বিষয়: বিসিএস(প্রশাসন) ক্যাডারের সকল কর্মকর্তা এবং অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব থেকে তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের তথ্যাদি PMIS-এ হালনাগাদকরণ প্রসঙ্গে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র(পিএসিসি) কর্তৃক বিসিএস(প্রশাসন) ক্যাডারভুক্ত সকল কর্মকর্তা এবং উপ-সচিব ও তদূর্ধ্ব পর্যায়ের অন্যান্য ক্যাডার কর্মকর্তাগণের চাকরি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি পিএমআইএস ডাটাবেইজে সংরক্ষণ করা হয়। কর্মী ব্যবস্থাপনার ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় উক্ত তথ্য ব্যবহার করা হয়। পিএমআইএস ডাটাবেইজে সংরক্ষিত তথ্যাবলি পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে, অনেক কর্মকর্তার তথ্য হালনাগাদ না থাকার ফলে সরকারি কাজ যথাযথভাবে সম্পাদনের ক্ষেত্রে বিঘ্ন হচ্ছে।

০২। উল্লেখ্য, এখনও অনেক কর্মকর্তা তাঁদের স্থায়ী/বর্তমান ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, মায়ের নাম, স্পাউসের নাম ও জেলা এবং ছবি সরবরাহ করেননি ফলে সংশ্লিষ্ট কর্মকর্তার পার্সোনাল ডাটা সীটের তথ্যাদি অসম্পূর্ণ থেকে যাচ্ছে। উপরক্ত কর্মকর্তাদের পদায়ন/বদলী আদেশ জারী হওয়ার সাথে সাথেই পিএসিসি-র ডাটাবেজের তথ্যাদি এন্ট্রি করা হলেও সংশ্লিষ্ট কর্মকর্তা বদলী/পদায়নকৃত পদে যোগদানপত্রের পৃষ্ঠাংকন, অব্যাহতিপত্র পিএসিসি-তে প্রেরণ না করার ফলে সংশ্লিষ্ট কর্মকর্তার বদলী/পদায়নকৃত পদে সঠিক যোগদানের তারিখ বা ডাটাবেইজে অব্যাহতির তারিখ এন্ট্রি করা যায় না। একারণে উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদামত কর্মকর্তাদের বিভিন্ন পদে দায়িত্ব পালনের মেয়াদ সঠিকভাবে সরবরাহ করা সম্ভব হচ্ছে না।

০৩। বর্ণিত প্রেক্ষিতে, বিসিএস প্রশাসন ক্যাডারের সকল কর্মকর্তা এবং উপসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের অন্যান্য ক্যাডার কর্মকর্তাগণকে জরুরি ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mopa.gov.bd)-এর PMIS লিংকে ক্লিক করে সংরক্ষিত তথ্যাদি অবলোকন করার জন্য User Id-তে নিজ পরিচিতি নম্বর এবং Password (জন্ম তারিখ ৮-ডিজিট) এন্ট্রি করতে হবে। প্রয়োজনে পিএমআইএস সফটওয়্যারটিতে Password পরিবর্তন করার ব্যবস্থা রাখা হয়েছে।

০৪। PMIS সংক্রান্ত যে কোন সমস্যা বা তথ্যাদি হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সিস্টেম এনালিস্ট, পিএসিসি ফোন-৯৫৫৬৪৬০, ই-মেইলঃ pmis@mopa.gov.bd এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। পিডিএস-এ তথ্য হালনাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া, তথ্য হালনাগাদ কিংবা ভুল তথ্য প্রদান করলে এর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তার উপরই বর্তায় বিধায় এখন থেকে সকল কর্মকর্তাগণকে তথ্যাদি হালনাগাদ রাখার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।


(ড. মোঃ হুমায়ুন কবীর)
যুগ্ম সচিব
পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়
ফোনঃ ৯৫৪০৫১২

বিতরণঃ

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব(সকল).....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।
০৫. জেলা প্রশাসক (সকল).....
০৬. সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।